দৈনিক আমাদের সময়

তারিখ: 20 MAR 2018
পৃষ্ঠা: ১ কলাম: ৪

ইফার এবতেদায়ি মাদ্রাসা

# শিক্ষক পদে নিয়োগ পেলেন আরও ১০১০ আলেম

নিজস্ব প্রতিবেদক ●

ইসলামিক ফাউন্ডেশনের (ইফা) নিয়ন্ত্রণাধীন দারুল আরকাম এবতেদায়ি মাদ্রাসায় এবার নিয়োগ পেয়েছেন আলিয়া নেসাবের ১ হাজার ১০ আলেম। সোমবার সকালে তারা যোগদান করেন। এর আগে মাদ্রাসাগুলোতে যোগ দিয়েছেন ১ হাজার ১০ কওমি আলেম।

ইসলামিক ফাউন্ডেশনের সহকারী পরিচালক (জনসংযোগ) মুহাম্মদ নিজাম উদ্দিন জানান, এ বছর ইফার অধীনে সারা দেশে ১ হাজার ১০টি দারুল আরকাম এবতেদায়ি মাদ্রাসা প্রতিষ্ঠা করা হয়। মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৬ষ্ঠ পর্যায়) প্রকল্পের এরপর পৃষ্ঠা ১১, কলাম ৩

## শিক্ষক পদে নিয়োগ

(প্রথম পৃষ্ঠার পর) আওতায় বাস্তবায়নাধীন ওই মাদ্রাসায় সদ্য যোগদানকারী আলেমরা শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করবেন।

তিনি আরও বলেন, এর আগে গত ৫ মার্চ ১ হাজার ১০ কওমি আলেম একই মাদ্রাসায় শিক্ষক হিসেবে যোগদান করেন। সবমিলিয়ে ২ হাজার ২০ জন শিক্ষক নিয়োগ করা হলো। সাধারণ শিক্ষায় শিক্ষিত আরও ১ হাজার ১০ জন শিক্ষক খুব শিগগিরই নিয়োগ করা হবে। তাদের মৌখিক ও লিখিত পরীক্ষা ইতোমধ্যে শেষ হয়েছে।

এদিকে গতকাল বিকালে বায়তুল মোকাররম জাতীয় মসজিদের পূর্ব সাহানে নবনিযুক্ত শিক্ষকের জন্য ওরিয়েন্টেশন কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ, বঙ্গবন্ধু জাদুঘরের কিউরেটর ও সাবেক সচিব নজরুল ইসলাম খান, ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক সামীম মোহাম্মদ আফজাল, লে. কর্নেল (অব) সাজ্জাদ আলী জহির (বীরপ্রতীক) ও ইসলামিক ফাউন্ডেশনের সচিব কাজী নুরুল ইসলাম প্রমুখ বক্তৃতা করেন। সভাপতিত্ব করেন মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব) জুবায়ের আহমদ।